অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/25/2022 **গভর্নর ক্যাথি হোকল**

কোয়েস্ট ডায়াগনোস্টিকস এর নতুন PCR টেস্টিং আবেদন অনুমোদনের মধ্য দিয়ে মাঙ্কিপক্স টেস্টিং সক্ষমতা সম্প্রসারণ অব্যাহত রয়েছে বলে গভর্নর হোকলের ঘোষণা

টিকা, পরীক্ষা ও সংস্থানসমূহ ব্যাপকভাবে লভ্য করে তোলার জন্য স্টেটের চলমান প্রচেষ্টার অংশ

আরো জানুন health.ny.gov/monkeypox ঠিকানায়

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (Department of Health) নিউ ইয়র্ক স্টেটে মাঙ্কিপক্স শনাক্তকরণের পরীক্ষার জন্য কোয়েস্ট ডায়াগনোস্টিকস (Quest Diagnostics)-এর সাম্প্রতিক আবেদন পর্যালোচনা ও অনুমোদন করেছে। ভেসিকুলার ফুসকুড়ি বা ফোস্কা দেখা দেওয়া ব্যক্তিদের কাছ থেকে পরীক্ষার নমুনা সংগ্রহ করে রিয়েল-টাইম PCR প্রযুক্তি ব্যবহার করে সম্পন্ন করা এই পরীক্ষা নিউ ইয়র্ক স্টেটের বিপুল পরীক্ষার সক্ষমতা আরো সম্প্রসারণ করবে এবং নমুনা প্রক্রিয়া করা ও মাঙ্কিপক্স ভাইরাস শনাক্ত করার ক্ষেত্রে সেবা প্রদানকারীদের জন্য পরীক্ষাগারের আরেকটি বিকল্প প্রদান করবে। বর্তমানে, স্টেটের ওয়াডসওর্থ সেন্টার (Wadsworth Center), NYC-এর স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগ (Department of Health and Mental Hygiene) এবং এর পাশাপাশি ল্যাবকর্প (LabCorp), মায়ো ক্লিনিক (Mayo Clinic), এইজেস সায়েন্সেস কর্পোরেশন (Aegis Sciences Corporation), সনিক হেলথকেয়ার (Sonic Healthcare), এবং UR মেডিসিন ল্যাবে (UR Medicine Lab) নমুনা পরীক্ষা করা যায়।

"নিউ ইয়র্ক এখনো অসমানুপাতিকভাবে মাঙ্কিপক্স আক্রান্তের কেস দেখতে পাচ্ছে, এবং আমরা জরুরি ও আগ্রাসী পদক্ষেপ গ্রহণের মাধ্যমে এর মোকাবেলা করা চালিয়ে যাবো," **বলেছেন গভর্নর হোকল।** "আজকের ঘোষণাটি পরীক্ষার সক্ষমতা সম্প্রসারণ, আরো বেশি টিকার ব্যবস্থা করা এবং যথাসম্ভব ব্যাপক পর্যায়ে সংস্থানসমূহ লভ্য করার জন্য মাঙ্কিপক্সের প্রতি আমাদের চলমান সাড়াদান প্রচেষ্টার সঙ্গে যোগ হচ্ছে। আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ কমিউনিটিগুলো সহ নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখতে আমরা আমাদের সাধ্যমতো চেষ্টা চালিয়ে যাবো।"

লভ্য থাকা অন্যান্য পরীক্ষার মতো, কোয়েস্ট ডায়াগনস্টিকসের নতুন পলিমারেজ চেইন রিঅ্যাকশন (PCR) পরীক্ষায় সাধারণভাবে তীব্র ফোস্কা বা ভেসিকুলার ফুসকুড়ি দেখা দেওয়া

রোগীদের কাছ থেকে স্বাস্থ্যসেবা প্রদানকারীদের, যেমন প্রাথমিক সেবাদানকারী চিকিৎসক, হাসপাতাল বা জরুরি সেবা, দ্বারা সংগৃহীত সোয়াবের নমুনা ব্যবহার করা হয়। কোয়েস্ট এই নতুন ধরনের পরীক্ষাটি জুলাই মাসের মাঝামাঝি সময়ে ঘোষণা করেছে, যা আগামী কয়েক সপ্তাহের মধ্যে বাস্তবায়ন হবে বলে প্রত্যাশা করা হচ্ছে। নিউ ইয়র্ক স্টেটের জনস্বাস্থ্য আইন অনুযায়ী, কোয়েস্ট ডায়াগনোস্টিকস ক্লিনিক্যাল ল্যাবরেটরি মূল্যায়ন কর্মসূচিতে (Clinical Laboratory Evaluation Program, CLEP) তথ্য জমা দেওয়ায় স্বাস্থ্য বিভাগের জন্য এই নতুন পরীক্ষা অনুমোদনের জন্য বাড়তি পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক ছিল। সেই পর্যালোচনা এখন সম্পন্ন হয়েছে।

স্টেটের স্বাস্থ্য কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট বলেন, "বেসরকারি পরীক্ষাগারগুলো ব্যবহার করার মাধ্যমে আমাদের মাঙ্কিপক্স পরীক্ষা করার সক্ষমতা সম্প্রসারণ করা চালিয়ে যাওয়ার এই সময়ে, এই বিষয়টি জানা গুরুত্বপূর্ণ যে স্টেটের ওয়াডসওর্থ সেন্টারেও বাড়তি পরীক্ষা করার সক্ষমতা রয়েছে। কিন্তু পরীক্ষার ক্ষেত্রে সত্যিকারের চ্যালেঞ্জ হলো এটির জন্য ক্ষতস্থানে সোয়াব করতে হয়, যা ভাইরাস উপস্থিত আছে কিনা তা মূল্যায়নের পরীক্ষার জন্য উপস্থিত থাকা আবশ্যক। ক্ষতস্থান না থাকলে বর্তমানে পরীক্ষা করা সম্ভব হয় না। এবং সেবা প্রদানকারীরা যাতে কখন ও কিভাবে মাঙ্কিপক্সের জন্য পরীক্ষা করতে হবে তা জানেন সে বিষয়টি নিশ্চিত করতে আমরা অব্যাহতভাবে কাজ করে যাবো।"

স্বাস্থ্য সতর্কতা নেটওয়ার্কের মাধ্যমে বিভাগটির শেয়ারকৃত স্বাস্থ্য পরামর্শ থেকে সেবা প্রদানকারীরা কিভাবে নমুনা সংগ্রহ করতে হবে সে সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা পেয়ে যাবেন।

এই সম্প্রসারিত পরীক্ষার সক্ষমতা নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের (NYSDOH) মাঙ্কিপক্সের প্রতি সাড়াদানের চলমান প্রচেষ্টার সঙ্গে যোগ হচ্ছে, যার মধ্যে নিউ ইয়র্কবাসীদের কাছে সরাসরি মাঙ্কিপক্স সংক্রান্ত সর্বশেষ তথ্য পৌঁছে দেওয়ার জন্য একটি নতুন SMS-টেক্সট নোটিফিকেশন প্রদানের প্রচেষ্টা চালু করা অন্তর্ভুক্ত রয়েছে। নিউ ইয়র্ক বাসীরা টেক্সট বার্তার জন্য সাইন আপ করতে পারবে, যেখানে কেস, লক্ষণ, বিস্তার, এবং পরীক্ষা তো টিকার সংস্থানের ব্যাপারে অ্যালার্ট থাকবে, তাদের 81336 নম্বরে "MONKEYPOX" বা স্প্যানিশের জন্য "MONKEYPOXESP" টেক্সট করতে হবে। একটি জিপ কোড প্রদান করার মাধ্যমে, নিউ ইয়র্কবাসীরা অবস্থানভিত্তিক বার্তা বাছাই করতে পারবে।

সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশনের (Centers for Disease Control and Prevention) মাঙ্কিপক্স রেসপন্স টিমের সাথে নিউ ইয়র্ক স্টেটের চলমান সমন্বয়ের ফলে নিউ ইয়র্ক স্টেট এখন পর্যন্ত 60,000 ডোজেরও বেশি টিকা সংগ্রহ করেছে, যার মধ্যে নিউ ইয়র্ক সিটির জন্য সংগৃহীতগুলোও অন্তর্ভুক্ত রয়েছে। টিকা লভ্য হওয়া মাত্রই নিউ ইয়র্ক যাতে যথাশীঘ্র সম্ভব টিকার ন্যায্য সরবরাহ পেতে পারে, বিশেষ করে উচ্চ সংক্রমণের হার রয়েছে এমন কমিউনিটিগুলোতে বসবাসকারী নিউ ইয়র্কবাসীদের জন্য, সে বিষয়টি নিশ্চিত করতে সম্প্রতি গভর্নর হোকল হোয়াইট হাউজের ড. আশিস ঝা এর সাথে কথা বলেছেন।

NYSDOH-এর নিবেদিত ওয়েবসাইট, যেখানে সর্বশেষ হালনাগাদ তথ্য পাওয়া যায়, ইংরেজি ও স্পেনিশ উভয় ভাষায় পাম কার্ড, তথ্য কার্ড, হ্যান্ডআউট, ও পোস্টার সহ বিনামূল্যে

ডাউনলোডযোগ্য উপকরণ পাওয়া যাবে। NYSDOH ইতোমধ্যেই এই সংস্থানগুলি LGBTQ+ সংস্থা, স্থানীয় কাউন্টির স্বাস্থ্য বিভাগ, স্বাস্থ্যসেবা প্রদানকারী এবং ব্যবসাকে সরবরাহ করা হয়েছে। এছাড়াও মাঙ্কিপক্স সংক্রমণের উচ্চ হার দেখা যাচ্ছে এমন কমিউনিটিগুলোতে তথ্য পৌঁছে দেওয়ার জন্য NYSDOH অর্থের বিনিময়ে পরিচালিত একটি ডিজিটাল বিজ্ঞাপনী ক্যাম্পেইনেও সম্পৃক্ত হয়েছে।

পাবলিক আউটরিচের পাশাপাশি, নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য ডিপার্টমেন্ট সম্প্রদায়সমূহে টিকা বিতরণে মনোযোগ দিয়ে যাচ্ছে। স্থানীয় কাউন্টি স্বাস্থ্য ডিপার্টমেন্ট যারা সরবরাহ পেয়েছে, সরাসরি টিকাদান করছে এবং নিজস্ব অ্যাপয়েনমেন্ট প্রক্রিয়া স্থাপন করছে। কাউন্টিগুলির সাথে অংশীদারিত্বে কাজ করে, অবস্থানভিত্তিক অ্যালার্টের জন্য সাইন আপ করা নিউ ইয়র্কবাসীরা টিকার উপলভ্যতা, ক্লিনিকের অবস্থান, সময়সূচি, এবং সেই এলাকার জন্য নির্দিষ্ট মাঙ্কিপক্স সংক্রান্ত সর্বশেষ তথ্য নিয়ে অ্যালার্ট পেতে পারে।

এই মাসের শুরুতে, NYSDOH নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি বিভাগের (NYCDOHMH) সাথে অংশীদার হয়ে স্টেটের স্বাস্থ্য কমিশনার ড. ম্যারি টি. ব্যাসেট এবং সিটির স্বাস্থ্য কমিশনার ড. অশ্বিন ভাসান এর নেতৃত্বে কমিউনিটির নেতৃবৃন্দকে নিয়ে একটি মাঙ্কিপক্স টাউন হল আয়োজন করেছে।

মাঙ্কিপক্স সম্পর্কে আরো তথ্যের জন্য health.ny.gov/monkeypox ওয়েবসাইট দেখুন।

ফেডারেল সরকারের তরফ থেকে নিউ ইয়র্ক স্টেটের জন্য প্রথম টিকা বরাদ্দ সম্পর্কে নিউ ইয়র্কবাসীরা এখান থেকে আরো জানতে পারবেন এবং দ্বিতীয় বরাদ্দ সম্পর্কে এখান থেক জানতে পারবেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418